

## শরীয়তপুরে ৩০ হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত

শরীয়তপুর, ৮ই জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।-শরীয়তপুর জেলায় প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে গমন-উপযোগী ৬ থেকে ১০ বছরের প্রায় ৩০ হাজার ২শ' ৪০ জন শিশু প্রাথমিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত রয়েছে।

শরীয়তপুর জেলার সদর, নড়িয়া, জাজিরা, ডামুড্যা, গোসাইরহাট ও ভেদর-গঞ্জ এই ৬টি থানায় প্রাথমিক বিদ্যালয়ে গমন-উপযোগী ৬ থেকে ১০ বছরের ছেলেমেয়ের সংখ্যা প্রায় ১ লাখ ৬৭ হাজার ৯শ'; কিন্তু অর্থনৈতিক দূরবস্থাসহ বিভিন্ন সমস্যার কারণে জেলায় ৩শ' ৯৬টি সরকারি ও ১শ' ৪৪টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১ লাখ ২৬ হাজার ১শ' ১৩ জন ছেলেমেয়ে পড়াশোনা করছে। বাদবাকি ৩০ হাজার ২শ' ৪০ জন ছাত্রছাত্রী প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত রয়েছে।

শরীয়তপুরে বর্তমানে ৫শ' ৪০টি সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণী অনুযায়ী পড়াশোনা করছে যথাক্রমে ১ম শ্রেণীতে প্রায় ৩৯ হাজার ৫শ' শিশু, ২য় শ্রেণীতে ২৯ হাজার ১০, তৃতীয় শ্রেণীতে ২৩ হাজার ৫শ' ৭৬, চতুর্থ শ্রেণীতে ১৯ হাজার ৪শ' এবং পঞ্চম শ্রেণীতে ১৫ হাজার ৩শ' জন।